



সরকারি/বেসরকারি মেরিটাইম শিক্ষা প্রতিষ্ঠানে মেরিন ক্যাডেট প্রশিক্ষণ কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি



“সমুদ্র জয়ে গড়ো উজ্জ্বল ভবিষ্যৎ – হও গর্বিত মেরিনার!”

আবেদন করতে ভিজিট করুন www.dos.gov.bd

নিম্নবর্ণিত মেরিটাইম শিক্ষা/প্রশিক্ষণ প্রতিষ্ঠানে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ক্যাডেট ভর্তির জন্য অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে।

নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন সরকারি মেরিটাইম শিক্ষা/প্রশিক্ষণ প্রতিষ্ঠান সমূহ:

- বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম [আসন সংখ্যা: পুরুষ - ১৪০ (নটিক্যাল-৭০, ইঞ্জিনিয়ারিং-৭০) জন ও মহিলা - ২০ (নটিক্যাল-১০, ইঞ্জিনিয়ারিং-১০) জন]।
- বাংলাদেশ মেরিন একাডেমি, পাবনা [আসন সংখ্যা: পুরুষ - ৩৬ (নটিক্যাল-১৮, ইঞ্জিনিয়ারিং-১৮) জন]।
- বাংলাদেশ মেরিন একাডেমি, বরিশাল [আসন সংখ্যা: পুরুষ - ৩৬ (নটিক্যাল-১৮, ইঞ্জিনিয়ারিং-১৮) জন]।
- বাংলাদেশ মেরিন একাডেমি, রংপুর [আসন সংখ্যা: পুরুষ - ৩৬ (নটিক্যাল-১৮, ইঞ্জিনিয়ারিং-১৮) জন]।
- বাংলাদেশ মেরিন একাডেমি, সিলেট [আসন সংখ্যা: পুরুষ - ৩৬ (নটিক্যাল-১৮, ইঞ্জিনিয়ারিং-১৮) জন]।

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন সরকারি মেরিটাইম শিক্ষা/প্রশিক্ষণ প্রতিষ্ঠান:

- মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম [আসন সংখ্যা: পুরুষ - ৪০ (নটিক্যাল-২০, ইঞ্জিনিয়ারিং-২০) জন ও মহিলা - ০৬ (নটিক্যাল-০৩, ইঞ্জিনিয়ারিং-০৩) জন]।

নৌপরিবহন মন্ত্রণালয়ের অনুমোদিত বেসরকারি মেরিটাইম শিক্ষা/প্রশিক্ষণ প্রতিষ্ঠান সমূহ:

- ইন্টারন্যাশনাল মেরিটাইম একাডেমি, ঢাকা [আসন সংখ্যা: পুরুষ - ৭০ (নটিক্যাল-৩৫, ইঞ্জিনিয়ারিং-৩৫) জন]।
- ওয়েস্টার্ন মেরিটাইম একাডেমি, ঢাকা [আসন সংখ্যা: পুরুষ - ৪০ (নটিক্যাল-২০, ইঞ্জিনিয়ারিং-২০) জন]।
- মাস মেরিন একাডেমি, চট্টগ্রাম [আসন সংখ্যা: পুরুষ - ৪০ (নটিক্যাল-২০, ইঞ্জিনিয়ারিং-২০) জন]।
- ইন্টারন্যাশনাল মেরিটাইম ট্রেনিং একাডেমি, ঢাকা [আসন সংখ্যা: পুরুষ - ২৬ (নটিক্যাল-১৩, ইঞ্জিনিয়ারিং-১৩) জন]।

বিঃদ্র: প্রয়োজনীয়তা বিবেচনা করে কর্তৃপক্ষ আসন সংখ্যা কম/বেশি করতে পারে।

আবেদনের যোগ্যতা:

- বয়স: ৩০-১১-২০২৫ খ্রি: তারিখে সর্বোচ্চ ২২ বছর (পুরুষ/মহিলা)।
 - শিক্ষাগত যোগ্যতা: এসএসসি এবং এইচএসসি অথবা সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগে ন্যূনতম জিপিএ ৪.০০ প্রাপ্ত হয়ে উত্তীর্ণ হতে হবে এবং এইচএসসি অথবা সমমান পরীক্ষায় পদার্থবিদ্যা ও গণিত বিষয়ে আলাদাভাবে ৬০% নম্বর অথবা জিপিএ ৩.৫০ এবং ইংরেজি বিষয়ে ৫০% নম্বর প্রাপ্ত হয়ে উত্তীর্ণ হতে হবে। ইংরেজিতে ৫০% নম্বর বা ৩.০০ এর কম থাকলে IELTS পরীক্ষায় সামগ্রিকভাবে ৫.৫ স্কোর থাকতে হবে। ইংলিশ মিডিয়াম অক্সফোর্ড পাঠ্যক্রমের ক্ষেত্রে পদার্থবিদ্যা, গণিত, ইংরেজিসহ কমপক্ষে ৫ টি বিষয় নিয়ে ন্যূনতম C গ্রেডে O-Level সনদপ্রাপ্ত এবং পদার্থবিদ্যা ও গণিতসহ ন্যূনতম C গ্রেডে A-Level সনদপ্রাপ্ত অথবা সমমানের হতে হবে।
 - ন্যূনতম উচ্চতা ও ওজন: পুরুষ - ৫' ৪" এবং মহিলা ৫' ১"। ওজন BMI চার্ট মোতাবেক ন্যূনতম ১৭ থেকে সর্বোচ্চ ২৫।
 - দৃষ্টিশক্তি: খালি চোখে নটিক্যাল ক্যাডেটদের জন্য ৬/৬; ইঞ্জিনিয়ারিং ক্যাডেটদের জন্য ৬/১২ (চশমাসহ অবশ্যই ৬/৬ হতে হবে)
- আবেদনকারীকে অবশ্যই বর্ণাঙ্কতামুক্ত হতে হবে।
- সাঁতার: ন্যূনতম ৬০ মিটার একটানা অতিক্রমে সক্ষমতা। সাঁতারে প্রয়োজনীয় সক্ষমতা না থাকলে আবেদন করার প্রয়োজন নেই।
 - অন্যান্য: আবেদনকারীকে বাংলাদেশি নাগরিক এবং অবিবাহিত হতে হবে।

চূড়ান্ত নির্বাচন পদ্ধতির ধাপসমূহ:

ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে নিম্নোক্তভাবে প্রার্থী নির্বাচন করা হবে:

লিখিত পরীক্ষা (লিখিত পদ্ধতি) = ১০০ নম্বর;

বিষয় ভিত্তিক নম্বর বিভাজনঃ পদার্থ বিজ্ঞান-২৫, গণিত -২৫, ইংরেজি - ২৫, বাংলাদেশ ও সাধারণ জ্ঞান - ২৫;

লিখিত পরীক্ষায় পাস নম্বর ৫০%। ইংরেজি বিষয়ে পৃথকভাবে ৫০% নম্বর পেতে হবে;

লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা প্রাথমিক শারীরিক পরীক্ষায় অংশগ্রহণ করবে এবং শারীরিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা মৌখিক পরীক্ষা অংশগ্রহণ করবে;

চূড়ান্তভাবে নির্বাচনের পূর্বে প্রার্থীকে পর্যায়ক্রমে মনোবৈজ্ঞানিক মূল্যায়ন (Psychometric Test), চক্ষু ও চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে এবং উক্ত পরীক্ষাসমূহের ফি প্রার্থীদের বহন করতে হবে।

অনলাইনে আবেদন পদ্ধতি:

নৌপরিবহন অধিদপ্তরের ওয়েবসাইট (dos.gov.bd) এর মাধ্যমে অনলাইনে আবেদন গ্রহণ করা হবে। আবেদন করতে কোন সমস্যা হলে doscadet.solutionart.net এর মাধ্যমেও আবেদন করা যাবে। আবেদনের নির্দেশিকা বর্ণিত ওয়েবসাইটে প্রদান করা হয়েছে। আবেদনের ছবি তোলার ক্ষেত্রে নির্দেশিকায় বর্ণিত Mobile APP এ Login করে আবেদনপত্রের সাথে প্রার্থীর ছবি যুক্ত করতে হবে, যা পরবর্তীতে ভর্তি পরীক্ষার প্রতিটি ধাপে AI Face detection এর মাধ্যমে প্রার্থী যাচাইয়ের কাজে ব্যবহৃত হবে। **জাল প্রার্থীর ক্ষেত্রে গুরুতর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।**

আবেদন ফি ১১০০/- টাকা (সকল সার্ভিস চার্জসহ)

প্রয়োজনে যোগাযোগ: ০১৮১০০০১১৯০, ০১৭৩১৬১৬৩৪৫।

আবেদনের শুরুর তারিখ:

০৬ নভেম্বর ২০২৫ খ্রি:

আবেদনের শেষ তারিখ:

০৬ ডিসেম্বর ২০২৫খ্রি:

লিখিত পরীক্ষার তারিখ/সময়/কেন্দ্র/প্রবেশপত্র ও অনুসরণীয় নির্দেশনা:

লিখিত পরীক্ষার তারিখ/সময়/কেন্দ্র/প্রবেশপত্র ও অনুসরণীয় সম্পর্কে পরবর্তীতে এসএমএস ও নৌপরিবহন অধিদপ্তরের ওয়েবসাইট (dos.gov.bd) এর মাধ্যমে জানানো হবে।

বিশেষ নির্দেশনা:

সরকারি মেরিন একাডেমি হতে পাশকৃত ক্যাডেটদের জাহাজে শিক্ষানবিশকাল প্রশিক্ষণ প্রাপ্তির ক্ষেত্রে স্ব স্ব একাডেমি সকল ধরনের সহযোগিতা করবেন। বেসরকারি মেরিন একাডেমি কর্তৃপক্ষ ক্যাডেটদের জাহাজে শিক্ষানবিশকাল প্রশিক্ষণ দিতে বাধ্য থাকবে। নির্দেশনায় যেকোন পরিবর্তনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

সতর্কতাবাণী:

!!কোন ব্যক্তি ভর্তির নিশ্চয়তা দিয়ে আপনার নিকট অর্থ দাবি করলে নিশ্চিত জেনে রাখুন যে আপনি প্রতারিত হচ্ছেন। যে কোন প্রকার সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে!!